## সেপ্টেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৩.০৯.২০২৪খ্রি.

সময় ঃ দুপুর ১১.৩০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

জনাব নুজহাত তাসনীম আওন, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

আগস্ট ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় আগস্ট ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে আগস্ট ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করা সম্ভব হয়নি। কারণ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৯ আগস্ট ২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১.২৪-৫০০ নং প্রজ্ঞাপনমূলে উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ ২০২৪ এর ধারা ১৩ঘ প্রয়োগ করে সকল ভাইস চেয়ারম্যান ও সকল মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে উপজেলা পরিষদের স্ব স্ব পদ থেকে অপসারণ করা হয়।

**সিদ্ধান্তঃ ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাপতি অপসারিত হওয়ায় আপাততঃউপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত স্থগিত/বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫<br>উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান যে, এ মাসে ৪০ জন কৃষককে মাসকালাই এবং ১২০ জন কৃষককে পেঁয়াজ চাষের জন্য প্রণোদনা দেয়া হয়েছে। এ প্রণোদনায় কৃষকগণ পাতা পেঁয়াজ হিসেবে বিক্রয় করতে পারবেন সাধারণ পেঁয়াজ হিসেবে নয়। | ১. স্বাগত জানানো হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ০৬<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হাসপাতালের বিভিন্ন বিভাগের কাজ যথানিয়মে চলছে। তিনি আরও জানান যে, আগস্ট ২০২৪ মাসে মোট ৯,৫৪৬ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। তন্মধ্যে জরুরী বিভাগে ১,৬৩৮ জন এবং বহির্বিভাগে ৭,৯০৮ জন। ৫৫ জন প্রসূতির নরমাল ডেলিভারী হয়েছে। ব্লাড ট্রান্সমিশন করা হয়েছে ৩৫ জন রোগীর। ঢাকা থেকে আগত ৩ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ০৭<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ১৭,০০০ প্রজেক্টের সকল কার্যক্রম স্থগিত আছে। গত এক মাসে ২১৯০টি গবাদি প্রাণির এবং ১৪৮১২টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে খামারীদের কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি । কৃত্রিম প্রজনন ৩৩২ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৬৮টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১০০০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ২০০০০ মাত্রা। এ মাসে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প হয়নি। ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। এ মাসে কোন মোবাইল কোর্ট পরিচালিত হয়নি। তবে জুলাই ২০২৪ মাসে একসাথে ৩ মাসের টিকা সরবরাহ করা হয়েছেঃ (১) তড়কা-২০০০ মাত্রা, (২) বাদলা-৬০০ মাত্রা, (৩) গলাফুলা-৭০০ মাত্রা, (৪) বিসিআরডিবি-৪০০০০ মাত্রা, (৫) আরডিবি-২০০০০ মাত্রা, (৬) ফাউল পক্স-১০০০০ মাত্রা, (৭) পাউল কলেরা-৫০০০ মাত্রা, (৮) গট পক্স-০ মাত্রা, (৯) গামবোরো-২০০০০ মাত্রা, (১০) ডাকপ্লেগ-১৫০০০, (১১) ক্ষুরা-১২৮ মাত্রা এবং (১২) ছাগ বসন্ত-২০০ মাত্রা। সর্বমোট=১১৩৬২৮ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ০৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্ত সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ০৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিদুতের লোড সেডিং খুব। ৫০% লোড পাওয়া যাচ্ছে। অতিরিক্ত গরমের কারণে ৩০% চাহিদা বেশী হওয়ায় লোড সেডিং হচ্ছে। অপরদিকে আদানী ১০০০ মেঃওঃ বিদ্যুৎ সরবরাহ করার কারণেও লোড সেডিং হচ্ছে। এ মাসের শেষে অথবা অক্টোবর মাসের প্রথম সপ্তাহে কিছুটা উন্নতি হবে। প্রয়োজন ৬২ মেঃওঃ সেখানে ৪৫ মেঃওঃ বিদ্যুৎ পাওয়া যাচ্ছে। তিনি সবাইকে ধৈর্য্য ধরার জন্য অনুরোধ করেন। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, মানুষ যেন রাতে ঘুমাতে পারে সেদিক বিবেচনায় বিরামপুরে রাতে বিদ্যুৎ রাখার জন্য অনুরোধ করেন। চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ ঠিক মাগরিবের আজানের সময় অথবা নামাজের সময় কেন বিদ্যুৎ যায় এরুপ প্রশ্নের উত্তরে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি জানান যে, এটি ঢাকা থেকে বন্ধ করা হয়। ঢাকা এবং বিরামপুরের মাগরিবের নামাজে ৫/৭ মিনিট সময়ের ব্যবধান থাকায় এরুপ সমস্যা হচ্ছে। এ বিষয়ে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর পক্ষ থেকে পত্র প্রদান করা হয়েছে মর্মে তিনি অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (ADP) গৃহীত প্রকল্পের প্রায় কাজ শেষ হয়েছে। তবে কিছু প্যালাসাইডিং এর কাজ আগামী মাসে শেষ হবে। তিনি | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |



ASMA - Bibith

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (ADP) প্রকল্পের তালিকা তার দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করেন। প্রকল্পগুলো আগে পাওয়া গেলে বর্ষা মৌসুম শুরুর আগে প্রকল্পের কাজ শেষ করা যাবে। পলিপ্রয়াগপুর ইউপি মোল্লাপাড়া ব্রীজের নীচ হইতে দক্ষিণ দিকে চকবসন্ত মৌজা পর্যন্ত মাছ চাষের অভয়াশ্রম পিলার নির্মাণ কাজ পানি থাকার কারণে করা সম্ভব হয়নি। পানি কমলে কাজ শুরু করা হবে। আশ্রয়ণ প্রকল্পের ক্ষেত্রেও একই সমস্যা। | | |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১.২ উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর সভায় জানান যে, বিএমডিএ দাপ্তরিক কাজ সঠিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরও বলেন যে, ৯৫টি গভীর নলকূপের মধ্যে ৮৯ টি চালু আছে। ২ মাস অতিবাহিত হলেও এখন পর্যন্ত তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি এরুপ বক্তব্যের পরিপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারকে আশ্বস্ত করে তিনি বলেন তদন্ত প্রতিবেদন শীঘ্রই দিবেন। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর আরও বলেন যে, পলিপ্রয়াগপুর ইউনিয়নের টাটকপুর এলাকার এ্যাড. শাহনেয়াজ শুভর ট্রান্সফরমার চুরি হওয়ায় তিনি নানাবিধ অভিযোগ দায়ের করছেন। এ প্রেক্ষিতে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধ সভায় জানান যে, ১টি রিপেয়ারিং ট্রান্সফরমার তাকে দেয়া হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. **দ্রুত তদন্ত প্রতিবেদন দাখিল করা জন্য পুনরায় অনুরোধ করা হয়।** | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর বা কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেলনা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। বিশেষ কোন সমস্যা নেই। উপবৃত্তি বিতরণ বিষয়ে অভিযোগের ভিত্তিতে তদন্ত করেছেন এবং অভিযোগ প্রমাণিত হওয়ায় কারণ দর্শানো হয়েছে। উপবৃত্তির অর্থ শিক্ষার্থীর অভিভাবকের মোবাইলে চলে গেছে। ফেরত নেয়ার ব্যবস্থা করা হবে। নিয়মিতভাবে বিদ্যালয় পরিদর্শন করা হচ্ছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. দ্রুত উপবৃত্তির অর্থ ফেরত আনার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগস্ট পরবর্তী সময়ে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিভিন্ন ধরণের অভিযোগ পাওয়া যাচ্ছে। এ বিষয়ে তদন্ত চলছে। ৮ম ও ৯ম শ্রেণির নতুন কারিকুলাম দেয়া হয়েছে। এস.এস.সি ২০২৫ পরীক্ষার্থীদের Test পরীক্ষা আগামী ২০ অক্টোবর ২০২৪ তারিখ হতে শুরু হবে। পাঠদান শুরু হয়েছে। কোথাও কোথাও কোমলমতী শিশুদের পাঠদান ব্যাহত হচ্ছে। তবে খুব শীঘ্রই পাঠদান স্বাভাবিক হয়ে আসবে বলে তিনি আশা প্রকাশ করেন। সেকারণে মনিটরিং বাড়াতে হবে। তিনি সবাইকে নিজ দপ্তরের কাজের ফাঁকে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করার জন্য অনুরোধ জানান।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের বিরুদ্ধে অভিযোগ আসায় তদন্ত টিম গঠন করা হয়েছে। গঠিত টিমকে তিনি আন্তরিকতার সাথে তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সার্টিফিকেট মামলা সংক্রান্ত তথ্য খুব শীঘ্রই দাখিল করবেন মর্মে জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। VWB চালের বরাদ্দ দেয়া হয়েছে। জুলাই ও আগস্ট ২০২৪ দুই মাসের মাস্টাররোল পাওয়া যায়নি। তিনি দ্রুত মাস্টাররোল দাখিল করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। অনেকদিন ভাতা বন্ধ থাকার কারণে ভাতাভোগীদের কাছে পিন কোড চেয়ে প্রতারক চক্র দ্বারা মোবাইল করা হচ্ছে। কোনভাবেই পিন কোড দেয়া যাবে না। বিষয়টি ভাতাভোগীদের জানানোর জন্য তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের শুধুমাত্র বেতন-ভাতাদির বিলসমূহ ডিডিও কর্তৃক সরাসরি পরিশোধ সংক্রান্ত ১৮ আগস্ট ২০২৪ তারিখের ০৭.০০.০০০০.০৮২.৯৯.০০৩.২১.৩৯৯ নম্বর অফিস আদেশটি বাতিল করা হয়েছে। কারণ বিল হিসাররক্ষণ অফিসের মাধ্যমেই যেতে হবে। ফলে অডিটরদের আন্দোলন চলমান থাকায় শুধুমাত্র বোনাস ও বেতন-ভাতাদি পাশ করা হচ্ছে। যে বিলগুলো অডিটরের মাধ্যমে পাশ করা হয় সেগুলো পাশ করা সম্ভব হচ্ছে না। অডিটরদের একই পদে ২টি বেতনক্রম হওয়ায় এ আন্দোলন শুরু হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, মাঠ পর্যায়ে সহকারী প্রোগ্রামার পদটি সাধারণ মানুষ বুঝতে না পারার কারণে বর্ণিত পদটি পরিবর্তনে তাদের আবেদনের প্রেক্ষিতে উপজেলা আইসিটি কর্মকর্তা করা হয়েছে। সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য পুনরায় তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নতুন পদ **উপজেলা আইসিটি কর্মকর্তা** পদে স্থলাভিষিক্ত হওয়ায় সবার পক্ষ থেকে উপজেলা নির্বাহী অফিসার স্বাগত জানান। | ১.সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২. স্ব স্ব দপ্তর প্রধান। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, মাশরুম চাষে আগ্রহীদের প্রশিক্ষিত করার জন্য জেলায় প্রশিক্ষণ শুরু হচ্ছে। মাশরুম চাষে আগ্রহী কেউ থাকলে পাঠানো যাবে। তিনি আরও জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ১৪টি ব্যাচে৪২০ জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। লক্ষ্যমাত্রা মোতাবেক বরাদ্দ পেলে প্রশিক্ষণ শুরু করা হবে মর্মে তিনি জানান। এছাড়াও দিনাজপুর জেলা প্রশিক্ষণ কেন্দ্রে তিন মাস মেয়াদি ৪ জন বেকার যুব প্রশিক্ষণ গ্রহণ করছে। পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী থেকে সর্বমোট =৩৭,৬০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২৯,৭৪,৮০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =২৮,৩৪,৫৬০/- টাকা এবং আদায় হার শতকরা ৯৫%।<br>আত্মকর্মসংস্থান কর্মসূচীর ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে =৩,১১,৭৬,৬০০/-টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,৭৭,০০,৫০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =২,৫৩,৮১,০২১/- টাকা এবং আদায়ের হার শতকরা ৯২%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, পিল সাপ্লাই নেই। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রদান করা হবে। ইতোমধ্যে বিষয়টি অবহিত করা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। প্রাপ্ত বরাদ্দের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৪<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের কাজ শেষ হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের কাজ শুরু হয়নি। নির্দেশনা মোতাবেক কাজ করা হবে। আগামী মাসের ১ম সপ্তাহে পূজার বরাদ্দ আসবে। ইতোমধ্যে বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর বরাবর তালিকা প্রেরণ করা হয়েছে। এখনও ২/৪টি আবেদন আসছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা প রিসংখ্যান তদন্তকারী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। তিনি আরও জানান যে, ২৫ জুলাই ২০২৪ অর্থনৈতিক শুমারী শেষ করার কথা থাকলেও দেশের বর্তমান পরিস্থিতির কারণে ১৫ আগস্ট ২০২৪ তারিখে শেষ হয়েছে। যারা এ কাজে সম্পৃক্ত ছিল তাদের প্রাপ্য অর্থ বিকাশের মাধ্যমে মোবাইল প্রেরণ করা হয়েছে। ব্যবহৃত ট্যাবগুলো অফিসে সংরক্ষিত আছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। তিনি আরও জানান যে, সমবায় সমিতিগুলোর অডিট কার্যক্রমসহ রাজস্ব আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। তিনি আরও জানান যে, খানপুর ইউনিয়নের প্রয়াগপুর বিটের অফিস আগুন দিয়ে পুড়িয়ে দেয়া হয়েছে। এ সুযোগে ৩ নং ওয়ার্ডে বন বিভাগের জায়গায় ঘর নির্মাণ করা হয়েছে। বিনাইল ও জোতবানী ইউনিয়নে বাগান সৃজনে সহযোগিতা করার জন্য চেয়ারম্যান, বিনাইল ও জোতবানীকে ধন্যবাদ জানান। এ পর্যায়ে চেয়ারম্যান, খানপুর ইউনিয়নের প্রতিনিধি বিট অফিসে আগুন দেয়ার ঘটনা সঠিক বলে জানান। তিনি নিজে উপস্থিত ছিলেন। তিনি আরও বলেন যে, প্রয়াগপুর বিট অফিসের সামনে কোন অবৈধ ঘর নতুন করে নির্মাণ করা হয়নি। যে ঘরগুলো আছে তা পূর্ব হতে ছিল। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নিয়ে কেউ আসলে সহযোগিতা করা হচ্ছে। অবিলিকৃত স্মার্টকার্ড নিতে আসলে কাগজপত্র যাচাই করে স্মার্টকার্ড প্রদান করা হচ্ছে। কেউ কোন কাজে আসলে সরাসরি তার সাথে যোগাযোগ করার জন্য তিনি অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, জন্ম নিবন্ধনে বয়সের সমস্যা হলে তদন্তের জন্য তাকে দেয়া হয়। এ বিষয়ে সহযোগিতা করার জন্য তাকে ধন্যবাদ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রয়েছে মর্মে জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। বর্তমানে ঋণ আদায়ের হার ৭৩%. তবে ধান উঠলে আদায় বৃদ্ধি পাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায় বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ১. স্বাগত জানানো হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তিনি তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ এলে উঠান বৈঠক আবারও শুরু করবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>২. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প থেকে উপজেলাতে প্রকল্প দেয়ার পূর্বে ঐ উপজেলার মুল্যায়ন অনলাইনে যাচাই করা হয়ে থাকে। এক্ষেত্রে উপজেলার পরিষদের ওয়েব পোর্টালে অন্যান্য তথ্যের সাথে যে তথ্যগুলো অবশ্যই হালনাগাদ থাকতে হবে তা হলোঃ<br>১) চলতি অর্থ বছরের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।<br>২) চলতি অর্থ বছরের ১৭ টি উপজেলা কমিটির সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী।<br>৩) চলতি অর্থ বছরের অর্থ বছরের বার্ষিক অনুমোদিত বাজেট।<br>৪) চলতি অর্থ বছরের অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা।<br>৫) পঞ্চবার্ষিকী পরিকল্পনা।<br>৬) সম্পদ রেজিস্টার (স্থাবর ও অস্থাবর)।<br>৭) বিগত অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (ADP) প্রতিবেদন।<br>৮) গত অর্থ বছরের বার্ষিক আয় ব্যয় বিবরণী।<br>৯) সিটিজেন চার্টার।<br>১০) তথ্য প্রদানকারী কর্মকর্তা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করা এবং নোটিশ, হাজিরা ও কার্যবিবরণী ওয়েব পোর্টালে দেয়ার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. UDF, বিরামপুর<br>২. স্ব স্ব দপ্তর প্রধান বিরামপুর, দিনাজপুর।<br>৩. সভাপতি ও সদস্য-সচিব, উপজেলা পরিষদের স্থায়ী কমিটি। |
| আলোচনাঃ ৩৪<br>খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | জনাব এস.এম তৌহিদুল্লাহ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর হিসেবে ১২.০৮.২০২৪ তারিখে এ উপজেলায় যোগদান করেছেন। তার পূর্ববর্তী কর্মস্থল সাদুল্লাপুর। খাদ্য বান্ধবের চাল বিনাইলের জন্য বরাদ্দ এসেছে। মিশ্রণ কার্যক্রম চলছে। পরবর্তীতে সকল ইউনিয়নে দেয়া হবে। সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫<br>আনসার বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, আনসারদের কার্যক্রম বন্ধ ছিল। অস্ত্র জমা নেয়া হয়েছিল। সরকারি নির্দেশনা মোতাবেক আবার অস্ত্র প্রদান করা হয়েছে। সরকারি নির্দেশনার পরিপ্রেক্ষিতে বন্যা দুর্গত এলাকায় চারা তৈরীর কাজ চলছে। চারা প্রস্তুত হলে বন্যা দুর্গত এলাকায় প্রেরণ করা হবে। বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তা প্রদানের লক্ষে আনসারদের দায়িত্ব পালন অব্যাহত রয়েছে। | | |
| আলোচনাঃ ৩৬<br>ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, |
| আলোচনাঃ ৩৭<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বৈষম্যবিরোধী আন্দোলনে যারা শহিদ হয়েছেন তাদের স্মরণ করে তাদের রুহের মাগফেরাত কামনা করেন। অন্যান্য উপজেলার তুলনায় বিরামপুর উপজেলার কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হওয়ায় তিনি উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ধন্যবাদ জ্ঞাপন করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি জনাব ফাহিমা, সংরক্ষিত সদস্য সভায় জানান যে, চেয়ারম্যান অনুপস্থিত থাকায় পরিষদের কার্যক্রম পরিচালনায় ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। অফিস পরিচালনার জন্য নির্দিষ্ট একজনকে দায়িত্ব প্রদান করার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।<br>ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা (সচিব) সভায় জানান যে, প্রত্যয়নপত্র, নাগরিকত্ব সনদ, জন্ম নিবন্ধন বিষয়ে খুব সমস্যা হচ্ছে। উপজেলা আইসিটি কর্মকর্তা ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তার (সচিব) ID থেকে কাজ হচ্ছে। কিন্তু উপজেলা আইসিটি কর্মকর্তা, বিরামপুরের ID থেকে কাজ করতে হচ্ছে। হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর হার্ডকপি উপজেলা আইসিটি কর্মকর্তা, বিরামপুরের নিকট নিয়ে আসলে তিনি স্বাক্ষর করে দিচ্ছেন। সার্ভার সবসময় উন্মুক্ত থাকে না। উদ্যোক্তা ফি বাবদ অর্থ জমা না দেয়ার কারণে জন্ম নিবন্ধন সংশোধনের প্রায় ৩০-৪০টি আবেদন পেন্ডিং আছে। উদ্যোক্তা প্রতিটি আবেদনের বিপরীতে ১৫০/- টাকা ফি জমা নিয়েছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৯<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ৩ নং ওয়ার্ড এলাকায় সন্দলপুরে আদিবাসী নারী হত্যা করা হয়েছে। আদিবাসী নারী চৈতী পাহানের বাড়ি সন্দলপুরে নয় দলদলিয়া গ্রামে। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, পরিবর্তিত পরিস্থিতিতে চেয়ারম্যানসহ তাকে ইউনিয়ন পরিষদে জরুরী প্রয়োজনে পাওয়া যায়নি। খাদ্য বান্ধবের চাল বিতরণসহ বন বিভাগের দখলকৃত জমি উদ্ধারে সার্বিক সহযোগিতা করার জন্য তিনি অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন প্ররিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, সাম্প্রতিক সময়ের বৃষ্টির কারণে তার ইউনিয়নসহ বিনাইল ইউনিয়নের দূর্গা মন্দির সংলগ্ন রাস্তাটিতে বড় বড় গর্ত/খাদ সৃষ্টি হয়েছে। মানুষের চলাচল স্বাভাবিক রাখার স্বার্থে রাস্তাটি দ্রুত মেরামত/সংস্কার করা প্রয়োজন। বর্ণিত রাস্তাটির মেরামত/সংস্কার কাজের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে মিটানোর প্রস্তাব করেন। এতে সম্ভাব্য ব্যয় ১.০০,০০০/- (একলক্ষ) টাকা হতে পারে মর্মে প্রস্তাবসহ প্রকল্প কমিটির প্রস্তাব করেন।<br>**প্রস্তাবিত প্রকল্পের নামঃ <u>দিওড় ও বিনাইল ইউনিয়নের ক্ষতিগ্রস্থ রাস্তা রাবিশ/বালু দ্বারা ভরাটকরণঃ</u> <u>সম্ভাব্য ব্যয়ঃ ১,০০,০০০/-টাকা</u>**<br>**<u>প্রস্তাবিত প্রকল্প কমিটিঃ</u>**<br>১. মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, মুকুন্দপুর ইউপি-প্রকল্প সভাপতি<br>২. মোছাঃ পারুল বেগম, কাটলা ইউপি-প্রকল্প সেক্রেটারী<br>৩. মোঃ এখলাছুর রহমান, সদস্য, দিওড় ইউপি-সদস্য<br>৪. মোঃ মোজাম্মেল হক, পলিপ্রয়াগপুর ইউপি-সদস্য<br>৫. মোছাঃ আরিফুন্নাহ, সংরক্ষিত সদস্য, দিওড় ইউপি-সদস্য। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বর্ষাজণিত কারণে দিওড় ও বিনাইল ইউনিয়নের দূর্গা মন্দির সংলগ্ন ক্ষতিগ্রস্থ কাঁচা রাস্তাটি রাবিশ/বালু দ্বারা ভরাট করার কাজগুলো দ্রুত বাস্তবায়ন করার লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্প ও প্রকল্প কমিটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে সম্ভাব্য ব্যয় ১.০০,০০০/- (একলক্ষ) টাকা মাত্র ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. চেয়ারম্যান, দিওড় ও বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর।<br>২. উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৪১<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, তার ইউনিয়নের বেইলী ব্রীজ নিয়ে তিনি ধারাবাহিকভাবে বলে আসছেন। কিন্তু কোন অগ্রগতি নেই। আবারও আমন মৌসুম চলে আসছে। কতটুকু অগ্রসর হয়েছে তিনি জানতে চান। দেশমা হয়ে ফুলবাড়িতে কৃষকগণ ধান বিক্রয় করতে গিয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছেন। তিনি ব্রীজটির কাজ মৌসুমের আগেই দ্রুত শেষ করে কৃষকের দুঃখ লাঘব করার জন্য আবারও অনুরোধ জানান। তিনি উক্ত ব্রীজ নির্মাণে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। তিনি পুকুর সমস্যার সমাধান করেছেন ও টিসিবি'র পণ্য বিতরণে সহযোগিতা করে আসছেন।উপজেলা নির্বাচন অফিসার, বিরামপুর তার সাথে সরাসরি যোগাযোগ করে কাজ করার আহ্বান জানানোর প্রেক্ষিতে তিনি তাকে ধন্যবাদ জানান।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার খুব ভালভাবে যাচাই-বাছাই করে সরকারি নির্দেশনা মোতাবেক পুকুর লীজ দেয়া হয়। সাব-লীজ দেয়ার বিধান নেই। খাস আদায়ের জন্য ইউনিয়ন ভূমি সহকারীকে পত্র প্রদান করা হবে মর্মে তিনি সভায় অবহিত করেন।<br>উপজেলা কৃষি কর্মকর্তা চেয়ারম্যান, বিনাইল ইউনিয়নের দৃষ্টি আকর্ষন করে তার পরিষদে কৃষি বিভাগের জন্য বরাদ্দকৃত রুমটি বুঝিয়ে দেয়ার জন্য অনুরোধ করেন। খুব শীঘ্রই রুমটি বুঝিয়ে দেয়া প্রতিশ্রুতি প্রদান করা হয় চেয়ারম্যান, বিনাইল ইউনিয়নের পক্ষ থেকে। তবে তিনি ব্যবহারের জন্য টেবিল ও চেয়ার দেয়ার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করেন।<br>উপজেলা প্রকৌশলী বেইলী ব্রীজ বিষয়ে জানান যে, দীর্ঘদিন ধরে আলোচনা চলছে। প্রস্তাবও করা হয়েছে কিন্তু অনুমোদন আসেনি। সাবেক মাননীয় জাতীয় সংসদ সদস্যও এ বিষয়ে উদ্যোগ নিয়েছিলেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪২<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কাঁচা রাস্তার অবস্থা খুব খারাপ। তিনি উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে রাস্তাটি মেরামত করে দেয়ার জন্য অনুরোধ করেন। সরকারি নির্দেশনা না থাকায় EGPP প্রকল্পের কাজ করতে পারছেন না। যাদের নাম তালিকাভুক্ত আছে তাদের নাম কর্তণ করার এখতিয়ার তার নেই। এটি মন্ত্রণালয় করতে পারবে। শুধুমাত্র মৃত ব্যক্তিদের ক্ষেত্রে নাম পরিবর্তন করা যাবে। কাজ করে যারা টাকা পাননি তাদের নামের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে তিনি অবহিত করেন। অচিন্ত্যপুরে হেরিংবন্ডের কাজ সম্পন্ন হয়েছে। ব্রীজের স্থান নির্বাচনের সময় চেয়ারম্যানকে অবহিত করা হয়নি। তিনি আরও জানান যে, জোতবানী ইউনিয়নে কৃষি বিভাগের লোকজন বসেন না।<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন যে, বিরামপুর উপজেলার ৫টি ইউনিয়নে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীন ৯টি ব্রীজের কার্যক্রম শুরু হবে। সেগুলো হলো- মুকুন্দপুর ইউনিয়নে-০১টি, কাটলা ইউনিয়নে-৩টি, দিওড় ইউনিয়নে-২টি, বিনাইল ইউনিয়নে-২টি এবং জোতবানী ইউনিয়নে-১টি মোট ৯টি।<br>উপজেলা কৃষি কর্মকর্তা আরও জানান যে, সব ইউনিয়নে মাসকালাই হয় না। তিনি পরিপূর্ণভাবে যাচাই করে প্রকৃত কৃষক যেন পান সেদিকে লক্ষ্য রাখবেন। এসএও-কে ইউনিয়ন চেয়ারম্যানগণের সাথে যোগাযোগ করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। প্রকৃত গরীব কৃষকগণকেই এটি দেয়া হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রকৃত কৃষকগণকে মাসকালাই বীজ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৩<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি জনাব মোঃ মোজাম্মেল হক সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। খাদ্য বান্ধবের চাল ইউনিয়ন কমিটির নামে দেয়া হবে মর্মে জানানো হয় এবং নিয়মিত কার্যক্রম পরিচালনা করার জন্য প্রতিনিধিকে অনুরোধ করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৪<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৫<br>বিবিধ | ক. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, বেশ কিছু সিসি ক্যামেরা ভেঙ্গে গেছে এবং বর্তমান পরিস্থিতিতে নিরাপত্তা আরও জোরদার করার জন্য উপজেলা পরিষদের বিভন্ন স্থানে কয়েকটি সিসি ক্যামেরা জরুরীভিত্তিতে স্থাপন করা প্রয়োজন। তিনি সিসি ক্যামেরা ক্রয় ও স্থাপন করার জন্য নিম্নবর্ণিত প্রকল্প অনুমোদন ও প্রকল্প কমিটি অনুমোদনের প্রস্তাব করেন।<br>**১. প্রকল্পের নামঃ উপজেলা পরিষদের বিভিন্ন স্থানে সিসি ক্যামেরা স্থাপনের জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় ও স্থাপন প্রকল্প। এতে সম্ভাব্য ব্যয় হবে =১,০০,০০০/- টাকা।**<br>**প্রকল্প কমিটিঃ**<br>১. মোঃ আঃ রাজ্জাক মন্ডল, চেয়ারম্যান, জোতবানী ইউপি-প্রকল্প সভাপতি<br>২. মোঃ মইনুল হক, সদস্য, কাটলা ইউপি- প্রকল্প সেক্রেটারি<br>৩. মোঃ দেলোয়ার হোসেন, সদস্য, কাটলা ইউপি- সদস্য<br>৪. মোঃ রায়হান কবীর, সদস্য, খানপুর ইউপি- সদস্য<br>৫. মোছাঃ ফেন্সিয়ারা বেগম, সদস্যা, দিওড় ইউপি- সদস্য<br>বর্ণিত প্রকল্পের কাজগুলো দ্রুত বাস্তবায়ন করার লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্প ও প্রকল্প কমিটি অনুমোদনের জন্য তিনি প্রস্তাব করেন।<br>খ. উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ ডরমেটরী ভবনের সংস্কার/মেরামত করা জরুরী প্রয়োজন। এ কাজটিসহ অন্যান্য প্রকল্প বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার | ক. ১. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর কর্তৃক উপস্থাপিত প্রস্তাবটি সভায় অনুমোদিত হয় এবং প্রস্তাবিত প্রকল্প কমিটি অনুমোদনপূর্বক এর মাধ্যমে দ্রুত বর্ণিত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ৩(প) অনুচ্ছেদ "ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়" খাত হতে পরিশোধের সিদ্ধান্তও গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>২. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর কর্তৃক উপস্থাপিত প্রস্তাবটি সভায় অনুমোদিত হয় এবং প্রস্তাবিত প্রকল্প কমিটি অনুমোদনপূর্বক এর মাধ্যমে দ্রুত বর্ণিত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ৩(ক) অনুচ্ছেদ " উপজেলা পরিষদ ভবন, ও বাসাবাড়ি মেরামত/ | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | মন্ত্রণালয় হতে ৩৮.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছিল কিন্তু সময় স্বল্পতর কারণে প্রকল্পগুলো বাস্তবায়ন করা সম্ভব হয়নি। ফলে ৩৮.০০ লক্ষ টাকা ফেরত যায়।<br>তিনি নিম্নবর্ণিত প্রকল্পসহ প্রকল্প কমিটি অনুমোদনের প্রস্তাব করেন।<br>**২. <u>প্রকল্পের নামঃ</u> উপজেলা পরিষদের ডরমেটরী ভবন মেরামত/সংস্কার প্রকল্প।**<br>**এতে সম্ভাব্য ব্যয় হবে =২,০০,০০০/- টাকা।**<br>**<u>প্রকল্প কমিটিঃ</u>**<br>১. মোঃ রহমত আলী, চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউপি-প্রকল্প সভাপতি<br>২. মোছাঃ মাহফুজা, সদস্য, মুকুন্দপুর ইউপি- প্রকল্প সেক্রেটারি<br>৩. মোঃ মাহফুজুল, সদস্য, কাটলা ইউপি- সদস্য<br>৪. মোঃ আনতাজ আলী, সদস্য, দিওড় ইউপি- সদস্য<br>৫. মোঃ এখলাছুর রহমান, সদস্য, দিওড় ইউপি- সদস্য<br>বর্ণিত প্রকল্পের কাজগুলো দ্রুত বাস্তবায়ন করার লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্প ও প্রকল্প কমিটি অনুমোদনের জন্য তিনি প্রস্তাব করেন। | মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে পরিশোধের সিদ্ধান্তও গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| <u>আলোচনাঃ ৪৫</u><br><u>বিবিধ</u> | ক. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, গত ২০২৩-২০২৪ অর্থ বছরের ADP অন্তর্ভূক্ত রাজস্ব উন্নয়ন খাত হতে গৃহীত প্রকল্প-<br>i) প্রকল্প নং-৪৭ পলিপ্রয়াগপুর মোল্লাপাড়া ব্রীজের পার্শ্বে সোন্দর্য্য বর্ধনের জন্য বসার RCC বেঞ্চ ও গাইডওয়াল নির্মাণ প্রকল্প।<br>ii. প্রকল্প নং-০৬ কাটলা ইউপি রণগাঁও মোড় হতে চৌঘরিয়া রাস্তার পার্শ্বে আকবরের পুকুরের ধারে গাইডওয়াল নির্মাণ প্রকল্প।<br>১নং প্রকল্প ADP গাইড লাইনের সাথে সঙ্গতিপূর্ণ না হওয়ায় এবং ২ নং প্রকল্পের কাজ সমাপ্ত হওয়ায় অর্থ অব্যয়িত রয়েছে। | পার্শ্ব বর্ণিত ২টি প্রকল্প যৌক্তিক কারণে বাস্তবায়ন করা সম্ভব হয়নি সেকারণে বরাদ্দকৃত অর্থ ২০২৪-২০২৫ অর্থ বছরের সাথে সমন্বয় করে নতুন প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে আলোচনা সাপেক্ষে প্রকল্প প্রস্তাব দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

৪৬. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**<u>আগস্ট/২০২৪ মাসের ব্যয়</u>**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর আগস্ট/২০২৪ মাসের ৩০দিনের দৈনিক মজুরী ৫৫০/-টাকা হারে মজুরী প্রদান=(১৬,৫০০+১৬,৫০০=৩৩,০০০/-) | =৩৩,০০০/- |
| ০২ | আগস্ট/২০২৪ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =২০,০০০/- |
| ০৩ | আগস্ট/২০২৪আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৪ | আগস্ট/২০২৪ মাসের বিদ্যুৎ বিল প্রদান | =৮৬,৪৩০/- |
| ০৫ | মোঃ শাহাজাহান ও আবু সাইদ রাত্রীকালিন দায়িত্ব পালনরত আনসারকে উপজেলা পরিষদ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে আগস্ট/২০২৪ মাসের মজুরী প্রদান (৫,৫০০+৫,৫০০=১১,০০০/-) | =১১,০০০/- |
| ০৬ | প্রোঃ/ম্যানেজার, শর্মিলী ফিলিং স্টেশন, ফুলবাড়িকে জুলাই/২৪ মাসের জ্বালানী তেলের বিল বাবদ প্রদান | =২৯,৩৯০/-<br>ভ্যাট=১,৫৪৭/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৩/০৯/২৪

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.৮১৭/১(৪৫) তারিখঃ ০৮.১০.২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৩. জেলা প্রশাসক, দিনাজপুর।
০৪ প্রশাসক, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৫. প্রশাসক, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৬. উপজেলা..............................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
০৭. চেয়ারম্যান, .................................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
০৮. জনাব ................................................................ মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৮/১০/২৪

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd